**প্রেস রিলিজ**

তারিখ: ২১ জুলাই ২০২৬

# বাউবিতে স্কুলসমূহের ডিনদের সাথে সমন্বয় সভা অনুষ্ঠিত

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি)-এর বিভিন্ন একাডেমিক স্কুলের (অনুষদ) ডিনদের অংশগ্রহণে চতুর্থ সমন্বয় সভা আজ ২১ জুলাই ২০২৬ তারিখ, মঙ্গলবার বেলা ১১:৩০ টায় উপাচার্যের গাজীপুরস্থ কনফারেন্স কক্ষে অনুষ্ঠিত হয়েছে।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান ভার্চুয়ালি সংযুক্ত থেকে আজকের এ সভার আনুষ্ঠানিক শুভ সূচনা করেন। বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও প্রশাসনিক কার্যক্রমকে আরও গতিশীল, সমন্বিত ও কার্যকর করার লক্ষ্যে বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে আলোচনা করা হয়। সভাপতির বক্তব্যে উপাচার্য বলেন, “তিনি বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম নির্ধারিত পরিকল্পনা অনুযায়ী অব্যাহত রাখার ওপর গুরুত্বারোপ করে বলেন, ২৮ জুলাইয়ের একাডেমিক কাউন্সিলের সিদ্ধান্তসমূহ যথাসময়ে বাস্তবায়ন, একাডেমিক কার্যক্রমকে আরও গতিশীল ও মানসম্মত করা, ৬ষ্ঠ সমাবর্তনের প্রস্তুতি, বইয়ের ডামি দ্রুত নিষ্পত্তি এবং অভ্যন্তরীণ শিক্ষকদের নিজ নিজ স্কুলে নিয়মিত কোর্স পাঠদান নিশ্চিত করতে সংশ্লিষ্ট সকলকে আন্তরিকভাবে কাজ করতে হবে"।

তিনি আরো বলেন, বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে শিক্ষার্থীদের জন্য ডিনস অ্যাওয়ার্ড এবং শিক্ষক-গবেষকদের গবেষণা ও প্রকাশনায় বিশেষ অবদানের স্বীকৃতিস্বরূপ সম্মাননা প্রদানের উদ্যোগ গ্রহণের প্রস্তাব দেন। পাশাপাশি এসএসসি ও অন্যান্য পাবলিক পরীক্ষা সুষ্ঠু ও সফলভাবে সম্পন্ন করা, বিশ্ববিদ্যালয়ের জার্নাল প্রকাশের কাজ দ্রুত এগিয়ে নেওয়া এবং মোবাইল অ্যাপ, ই-অ্যাটেনডেন্স ব্যবস্থা ও বারকোডসংবলিত শিক্ষার্থী পরিচয়পত্র আনুষ্ঠানিকভাবে উদ্বোধনের উদ্যোগ গ্রহণের ওপর গুরুত্বারোপ করেন।

তিনি ওপেন স্কুলের ডিন অধ্যাপক ড. মোছাঃ শিরিন সুলতানার মাতৃবিয়োগে গভীর শোক প্রকাশ করেন এবং মরহুমার শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন করেন। একই সঙ্গে উপাচার্য মহান আল্লাহ তায়ালার নিকট তাঁর মায়ের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন।

এছাড়াও তিনি বিশ্ববিদ্যালয়ের সার্বিক কার্যক্রম সফলভাবে পরিচালনায় সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন”।

সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন, বিশ্ববিদ্যালয়ের মাননীয় প্রো-উপাচার্য অধ্যাপক ড. আনিসুর রহমান ও মাননীয় প্রো-উপাচার্য অধ্যাপক ড. মোঃ সিরাজুল ইসলাম।

সভার প্রথমে সভাপতির অনুমতিক্রমে ০৭টি স্কুলের সম্মানিত ডিনবৃন্দ নিজ নিজ স্কুলের গত ১৫ জুন ২০২৬ তারিখে অনুষ্ঠিত সভার গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করা হয়। পাশাপাশি বিশ্ববিদ্যালয়ের ৬ষ্ঠ সমাবর্তন আয়োজনের প্রস্তুতি ও করণীয় বিষয়ে আলোচনা এবং স্কুলভিত্তিক একাডেমিক কার্যক্রম পর্যালোচনা করা হয়। এছাড়াও বিভিন্ন স্কুলের বইয়ের ডামি সংশ্লিষ্ট শিক্ষকের নিকট প্রেরণের পর যথাসময়ে পিপিডি বিভাগে প্রেরণ নিশ্চিতকরণ এবং একাডেমিক কাউন্সিল-এর ৭৯ ও ৮০তম সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে বাউবি’র অভ্যন্তরীণ শিক্ষকদের স্ব স্ব স্কুলে প্রতি সেমিস্টারে কোর্স পাঠদান বিষয়ক আলোচনা সম্পন্ন করা হয়। সর্বশেষে সভার অন্যান্য বিবিধ বিষয়সমূহ আলোচনায় আনা হয়।

সভায় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) টি এম আহমেদ হুসেইন, স্টুডেন্ট সাপোর্ট সার্ভিসেস বিভাগের পরিচালক, পিপিডি বিভাগের পরিচালক, পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত) ও আইকিউএসির পরিচালকসহ ০৭ টি স্কুলের ডিনবৃন্দ উপস্থিত ছিলেন। ডিনদের মধ্যে ওপেন স্কুলের ডিন ভার্চুয়ালি সংযুক্ত থেকে সভায় অংশগ্রহণ করেন।

মোঃ খালেকুজ্জামান খান
পরিচালক (ভারপ্রাপ্ত)



Main Campus: Gazipur-1705, Bangladesh, Phone: +88 02 996691119, IP: +88 09666730730, Ex. 777
e-mail: iprd@bou.ac.bd, Website: www.bou.ac.bd